# মডেল প্রশ্ন-১

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। দশ অবতারের মধ্যে শ্রীকৃষ্ণের উল্লেখ না থাকার কারণ হলো–
ক. শ্রীকৃষ্ণ নিজেই ভগবান বলে
খ. দুষ্কৃতকারীদের বিনাশ করেন বলে
গ. জগতের মঙ্গল করেন বলে
ঘ. ঈশ্বরের করুণা কামনা করেন বলে

২। 'ক' সৎ পথে চলতে চায়। আর এর জন্য প্রয়োজন–
ক. বিশ্রাম করা খ. উপাসনা করা
গ. খেলাধুলা করা ঘ. বেড়াতে যাওয়া

৩। রাজীব পাল বলল, রাষ্ট্রপরিচালনার জন্য পরমতসহিষ্ণুতা প্রয়োজন। এর কারণ–
ক. এর অন্যথা হলে সমাজে অশান্তির সৃষ্টি হয়
খ. একে অন্যের প্রতি সহযোগিতার জন্য
গ. সঠিক উপায়ে রাষ্ট্র পরিচালনার জন্য
ঘ. ধর্ম অনুসারে রাষ্ট্র পরিচালনার জন্য

৪। ভীমের কথা বলতে কে নিষেধ করেছিলেন?
ক. যুধিষ্ঠির খ. মাদ্রী গ. কুন্তী ঘ. ব্রাহ্মণ

৫। নিলয় টিভিতে দেখল, বনে একজনের খাবারের জন্য প্রতিদিন একজন মানুষ, দুটি মহিষ এবং অনেক ভাত লাগে। নিচের কার সাথে মিল আছে?
ক. রাক্ষসের খ. ব্রাহ্মণের গ. কুন্তির ঘ. ভীমের

৬। ধর্মদেব অতিথি হয়ে এসেছিলেন। এর কারণ হিসেবে কোনটি সমর্থনযোগ্য?
ক. ব্রাহ্মণকে পরীক্ষা করার জন্য
খ. নারদকে প্রেরণ করার জন্য
গ. জীবের প্রতি দয়া দেখানোর জন্য
ঘ. ধর্ম প্রতিষ্ঠা করার জন্য

৭। তপস্বী ব্রহ্মচারী হিসেবে কার সাদৃশ্য রয়েছে?
ক. স্যামুয়েল খ. স্বরূপানন্দ
গ. মার্গারেট ঘ. স্বামী প্রণবানন্দ

৮। সিমন্তী একটি জায়গায় গেল যেখানে রোগব্যাধি, জরা, শোক কিছুই নেই। নিচের কোন জায়গার সাথে মিল রয়েছে?
ক. স্বর্গ খ. পৃথিবী গ. নরক ঘ. বাসস্থান

৯। বেদের যে অংশে মন্ত্রের ব্যাখ্যা করা হয়েছে তাকে কী বলে?
ক. ব্রাহ্মণ খ. উপনিষদ গ. আরণ্যক ঘ. সংহিতা

১০। কোনো কাজ শুরু করার আগে কী করা উচিত বলে তুমি মনে কর?
ক. পরিষ্কার-পরিচ্ছন্ন হওয়া খ. ঈশ্বরের নাম নেওয়া
গ. বড়দের প্রণাম করা ঘ. বিশ্রাম করা

১১। টুম্পার পরিবারের সবাই একসাথে বসে উপাসনা করে। টুম্পার পরিবারের উপাসনাকে বলা হয়–
ক. একক উপাসনা খ. সমবেত উপাসনা
গ. যৌথ উপাসনা ঘ. নিরাকার উপাসনা

১২। ব্রাহ্মণ কীভাবে সময় কাটাতেন?
ক. ভ্রমণ করে খ. গবেষণা করে
গ. কৃষিকাজ করে ঘ. ধর্মসাধনা ও বিদ্যাচর্চায়

১৩। 'ক' এ উপমহাদেশের একটি পবিত্র স্থান। 'ক' নির্দেশ করে–
ক. কুরুক্ষেত্রে খ. ধর্মক্ষেত্র গ. রণক্ষেত্র ঘ. যুদ্ধক্ষেত্র

১৪। শ্রীময়ী মন্দিরে গিয়ে দেখল, পুরোহিত গানের মতো মন্ত্র পড়ছেন। নিচের কোন বেদের সাথে এর মিল রয়েছে?
ক. যজুর্বেদ সংহিতা খ. ঋগ্বেদ সংহিতা
গ. সামবেদ সংহিতা ঘ. অথর্ববেদ সংহিতা

১৫। দুর্গার বর্ণনা পাওয়ার জন্য তুমি নিচের কোনটি পাঠ করবে?
ক. দেবী পুরাণ খ. নরসিংহ পুরাণ
গ. কালিকা পুরাণ ঘ. অগ্নি পুরাণ

১৬। শ্রীময়ী মন্দিরে গিয়ে দেখল, পুরোহিত গানের মতো মন্ত্র পড়ছেন। নিচের কোন বেদের সাথে এর মিল রয়েছে?
ক. যজুর্বেদ সংহিতা খ. ঋগ্বেদ সংহিতা
গ. সামবেদ সংহিতা ঘ. অথর্ববেদ সংহিতা

১৭। উপাসনার জন্য প্রয়োজন–
ক. তীর্থযাত্রা খ. শরীর ও মনের সুস্থতা গ. ধন-সম্পদ ঘ. মন্দির

১৮। রাজীব পাল বলল, রাষ্ট্রপরিচালনার জন্য পরমতসহিষ্ণুতা প্রয়োজন। এর কারণ–
ক. এর অন্যথা হলে সমাজে অশান্তির সৃষ্টি হয়
খ. একে অন্যের প্রতি সহযোগিতার জন্য
গ. সঠিক উপায়ে রাষ্ট্র পরিচালনার জন্য
ঘ. ধর্ম অনুসারে রাষ্ট্র পরিচালনার জন্য

১৯। 'ক' আমেরিকার শিকাগো শহরে এক ধর্মসভায় পরমত সহিষ্ণুতার আদর্শ তুলে ধরেছিলেন। 'ক' এর সাথে সাদৃশ্য রয়েছে–
ক. স্বামী প্রণবানন্দের খ. ভগিনী নিবেদিতার
গ. রানি রাসমণির ঘ. স্বামী বিবেকানন্দের

২০। কীসের সময় মনে দীনতার ভাব থাকতে হবে?
ক. স্নানের সময় খ. ধ্যানের সময়
গ. পূজার সময় ঘ. প্রার্থনার সময়

২১। টুম্পার পরিবারের সবাই একসাথে বসে উপাসনা করে। টুম্পার পরিবারের উপাসনাকে বলা হয়–
ক. একক উপাসনা খ. সমবেত উপাসনা
গ. যৌথ উপাসনা ঘ. নিরাকার উপাসনা

২২। 'হিন্দু' শব্দের উৎপত্তি কাদের দ্বারা?
ক. ইংরেজদের খ. পারসিকদের
গ. বাঙালিদের ঘ. ভারতীয়দের

২৩। নকুল কুমার সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকে। তার এ আচরণ নিচের কোনটিকে সমর্থন করেছে?
ক. শ্রদ্ধাশীল খ. সহমর্মিতা গ. সহযোগিতা ঘ. ধর্মানুরাগী

২৪। ব্রহ্ম কীরূপে সকল জীবের মধ্যে বিরাজমান?
ক. নিজেররূপে খ. আত্মারূপে
গ. কর্তারূপে ঘ. মানবরূপে

২৫। ত্রেতাযুগে রাক্ষসরাজ্য 'ক' খুব শক্তিশালী হয়ে উঠেন। 'ক'-এর সাথে সাদৃশ্য রয়েছে–
ক. হিরণ্যকশিপুর খ. শ্রীবিষ্ণুর গ. রাবণের ঘ. গণেশের

২৬। মানুষের মন ছোট হওয়ার যথার্থ কারণ হলো–
ক. হিংসা খ. শ্রদ্ধা গ. পরোপকার ঘ. ভক্তি

২৭। নৈতিকতা অর্জনের জন্য অধিক উপযোগী হলো–
ক. সন্তুষ্টি খ. অহিংসা গ. হিংসা ঘ. ধর্মচর্চা

২৮। মস্তিষ্কের ধারণ শক্তি বাড়ানোর জন্য কোনটির অনুশীলন প্রয়োজন বলে তুমি মনে কর?
ক. ধর্মচর্চার খ. জ্ঞানার্জন
গ. যোগব্যায়াম ঘ. পরিমিত আহার

২৯। স্বাস্থ্যরক্ষার অন্যতম উপায় হিসেবে তুমি নিচের কোনটিকে চিহ্নিত করবে?
ক. যোগ্যব্যায়াম খ. যোগসাধনা
গ. অপরিমিত আহার ঘ. পরিমিত আহার

teachingbd.com

http://teachingbd.com

৩০। মহালয়া কোন পূজার আগমনীবার্তা?
ক. লক্ষ্মীপূজার খ. কালীপূজার
গ. শিবপূজার ঘ. দুর্গাপূজার

৩১। বিনোদ বন্ধুদের নিয়ে কীর্তন দল গঠন করেন কেন?
ক. কীর্তন পছন্দ করতেন বলে খ. আনন্দ করার জন্য
গ. অর্থলাভের জন্য ঘ. ধর্মচর্চার জন্য

৩২। হিন্দুরা সৃষ্টিকর্তাকে কী বলে?
ক. আল্লাহ খ. ঈশ্বর গ. রব ঘ. গড

৩৩। মানুষে মানুষে কোনো পার্থক্য করা উচিত নয় কেন?
ক. একই ঈশ্বরের সৃষ্টি বলে খ. সবাই মানুষ বলে
গ. সবার মনুষ্যত্ব এক বলে ঘ. সবাই মুখে কথা বলার কারণে

৩৪। কোন আসন দেহের অপ্রয়োজনীয় মেদ কমায়?
ক. পদ্মাসন খ. শবাসন
গ. পদহস্তাসন ঘ. সর্বাঙ্গাসন

৩৫। আমরা ছোটদের কী করি?
ক. ধমক দেই খ. শাসন করি
গ. আদর করি ঘ. প্রণাম করি

৩৬। কে স্বয়ং ভগবান?
ক. রাবণ খ. গনেশ গ. শ্রীকৃষ্ণ ঘ. বিষ্ণু

৩৭। মানুষের মন জয় করা যায় কীভাবে?
ক. কথার দ্বারা খ. অর্থের দ্বারা
গ. জ্ঞানার্জনের দ্বারা ঘ. শিষ্টাচারের দ্বারা

৩৮। কোন ব্যক্তি সকলের শ্রদ্ধা পান?
ক. বিদ্যান খ. ধার্মিক গ. অহিংস ঘ. হিংসুক

৩৯। কৌরবেরা কোন ধরনের ছিল?
ক. শান্ত প্রকৃতির খ. ভদ্র প্রকৃতির
গ. দুষ্ট প্রকৃতির ঘ. কুপ্রকৃতির

৪০। কার আশীর্বাদে বিশ্বামিত্র ব্রহ্মর্ষি হয়েছিলেন?
ক. কামধেনুর খ. কৌরবের
গ. বশিষ্ঠের ঘ. কুন্তীর

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০
ক. আমরা জানি, ——— সর্বশক্তিমান।
খ. ঈশ্বর সকল ——— মধ্যে আছেন।
গ. জীবের ——— করলে ঈশ্বরের সেবা করা হয়।
ঘ. কুরুক্ষেত্রকে ——— বলা হয়।
ঙ. ব্রাহ্মণ ——— আদর্শ স্থাপন করেছিলেন।
চ. হিন্দুধর্ম পৃথিবীর ——— ধর্ম।
ছ. পূজার উপকরণেও রয়েছে নানা ———।
জ. হিন্দুধর্মকে কেন্দ্র করে উন্নত ——— প্রসার ঘটেছে।
ঝ. মানুষের মধ্যে ——— ঈশ্বর বিরাজ করেন।
ঞ. বর্তমান সংস্কৃতি ——— আলোকে সাজানো।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১×১০=১০
ক. জীব বলতে কী বোঝ?
খ. রাম কেন বনে গমন করেছিলেন?
গ. সাকার উপাসনা কাকে বলে?
ঘ. মোক্ষ কাকে বলে?
ঙ. উত্তানপাদের কয়জন স্ত্রী ছিলেন? তাঁদের নাম লেখ।
চ. চার্চের কর্তৃপক্ষের সঙ্গে মার্গারেটের বিরোধ বাধে কেন?
ছ. দেশপ্রেম বলতে কী বোঝায়?
জ. সাধু-সন্ন্যাসীদের আশ্রমকে কেন্দ্র করে কী গড়ে উঠেছে?
ঝ. দেশপ্রেম মানুষের মধ্যে কী সৃষ্টি করে?
ঞ. গোমুখাসনের একটি উপকারিতা বর্ণনা কর।

৪। ক, খ,গ ও ঘ নং প্রশ্নসহ যে কোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ : ৫×৮=৪০
ক. সজল নিয়মিত যোগব্যায়াম করছে। তার যোগব্যায়াম করার কারণ ব্যাখ্যা কর।
খ. "ধর্মসংগীতের মধ্য দিয়ে শিল্পচর্চার ঐতিহ্য প্রকাশ পেয়েছে।"– কীভাবে? সংক্ষেপে লেখ।
গ. চৈত্রসংক্রান্তির অনুষ্ঠান কেবল ধর্মীয় অনুষ্ঠান নয়, তা সকলের এক মিলন মেলা।"– কীভাবে? বুঝিয়ে দাও।
ঘ. কোন কোন তিথিতে বিশেষভাবে উপবাস পালনের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে?
ঙ. শিকাগোতে বিবেকানন্দ হিন্দুধর্ম সম্পর্কে যা বলেছিলেন তা তোমার পাঠ্যপুস্তক অনুসারে নিজের ভাষায় লেখ।
চ. স্বাধীনতা রক্ষার জন্য মৃত্যু, সে তো বীরের মৃত্যু।– ব্যাখ্যা কর।
ছ. ঐতিহ্য বলতে কী বোঝ? হিন্দুধর্মীয় ঐতিহ্যবাহী তিনটি উপাদানের পরিচয় দাও।
জ. পরোপকারের গুরুত্ব ব্যাখ্যা কর।
ঝ. আমরা অন্য ধর্মের লোকদের সাথে কেমন আচরণ করব?
ঞ. নগরবাসী বক রাক্ষসের হাত থেকে কীভাবে রক্ষা পেয়েছিল?

## উত্তরমালা

১। ১। ক; ২। খ; ৩। ক; ৪। গ; ৫। ক; ৬। ক; ৭। ক; ৮। ক; ৯। ক; ১০। খ; ১১। খ; ১২। ঘ; ১৩। ঘ; ১৪। গ; ১৫। ক; ১৬। গ; ১৭। ক; ১৮। ক; ১৯। ঘ; ২০। ঘ; ২১। গ; ২২। খ; ২৩। ঘ; ২৪। খ; ২৫। ক; ২৬। ক; ২৭। খ; ২৮। গ; ২৯। ঘ; ৩০। ঘ; ৩১। খ; ৩২। খ; ৩৩। ক; ৩৪। ঘ; ৩৫। গ; ৩৬। গ; ৩৭। ঘ; ৩৮। গ; ৩৯। গ; ৪০। গ।

২। (ক) ঈশ্বর; (খ) জীবের; (গ) সেবা; (ঘ) ধর্মক্ষেত্রও; (ঙ) সেবার; (চ) প্রাচীন; (ছ) ভিন্নতা; (জ) সংস্কৃতির; (ঝ) আত্মারূপে; (ঞ) ঐতিহ্যের।

Teachingbd.com